

'ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



নং- ৫৯.১১.০০০০.১৫৫.৫৬.০০১.২০- ১২৩২

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৮
১২ মে ২০২১

বিজ্ঞপ্তি

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতিতে ইন্ড-উল ফিতর ২০২১ এর ছুটিকালীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবন ও স্ব স্ব ইউনিটের সার্বিক নিরাপত্তা রক্ষা।

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতিতে ইন্ড-উল ফিতর ২০২১ এর ছুটিকালীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবন ও স্ব স্ব ইউনিটের সার্বিক নিরাপত্তা রক্ষার স্বার্থে সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী মেনে চলার জন্য অনুরোধ করা হলো:

- ১। পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবনের শুধুমাত্র কার পার্কিংয়ের গেট ভিন্ন ভবনে প্রবেশের সকল গেট তালাবদ্ধ রাখতে হবে। ভবনের প্রবেশমুখে রোস্টার ভিত্তিতে সার্বক্ষণিক নিরাপত্তারক্ষীর দায়িত্ব নিশ্চিত করতে হবে। নিয়মিত বিরতিতে ভবনের চারপাশসহ প্রতিটি তলা ভালোভাবে পর্যবেক্ষণ করতে হবে;
- ২। পরিবার পরিকল্পনা কর্মচারি সমিতির জন্য ব্যবহৃত কক্ষ, ভবনে অবস্থিত নামাজের ঘর ও ক্লিনিক বন্ধ রাখতে হবে;
- ৩। প্রতিটি তলার চারপাশের (বাহিরের দিকের) জানালা সংশ্লিষ্ট তলায় অবস্থিত ইউনিট প্রধান বন্ধ রাখার বিষয়ে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করে বিষয়টি নিশ্চিত করবেন;
- ৪। অফিস ত্যাগ করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি নিজ দায়িত্বে কক্ষের ও ফ্লোরের লাইট, ফ্যান, কম্পিউটার ও এসি'র সুইচ বন্ধ করবেন;
- ৫। পিএবিএক্স ও কম্পিউটার ল্যাবের দরজা, জানালা ও বৈদ্যুতিক সংযোগ নিরাপদ রাখার ব্যবস্থা করতে হবে। ভবনের সকল ক্লোজ সার্কিট ক্যামেরা চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৬। ভবনের ছাদের দরজা, প্রতিটি তলার সিডির পাশে থাইগ্লাসের জানালা, টয়লেটের বেসিন ও ওয়ুখানাসহ সকল পানির কল এবং এডিস মশার বংশবিস্তার রোধে কমোডের ঢাকনা অবশ্যই বন্ধ রাখতে হবে;
- ৭। ভবন থেকে কোন গাড়ি বের করার ক্ষেত্রে ইউনিট প্রধানগণ দায়িত্বরত নিরাপত্তারক্ষীকে টেলিফোনে নিশ্চিত করবেন;
- ৮। ভবনে অপরিচিত কেউ প্রবেশ করতে পারবে না;
- ৯। ভবনে জরুরি কাজে কোন কর্মকর্তা-কর্মচারির আসার ক্ষেত্রে ইউনিট প্রধানগণ টেলিফোনে দায়িত্বরত নিরাপত্তারক্ষীকে নিশ্চিত করবেন;
- ১০। নিরাপত্তারক্ষীদের জন্য অনুসরনেয় নির্দেশনা প্রদান করে উপপরিচালক (কমন সার্ভিস) আলাদা নির্দেশনাপত্র জারি করবেন;
- ১১। যেকোন সময় উর্ধ্বতন কর্মকর্তা ভবন পরিদর্শন করবেন। পরিদর্শনকালে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কোন কর্মচারিগণ দায়িত্বে অবহেলা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

১২৩২
১২৩২

(মোঃ হেমায়েত হুসেন)

অতিরিক্ত সচিব ও

পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫০১২৩৪২

ইমেইল: diradmin@dgfp.gov.bd

বিতরণ (জ্যোতির কুমানুসারে নয়):

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।